গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

## বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ

| ক্র: নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কি-না? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | এডিকশন প্রফেশনালদের মধ্যে ইকো প্রশিক্ষণ প্রদান। (জুলাই, ২০১৭) | এ উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তর জানুয়ারী ২০১৩ সালে Colombo Plan Gi Aaxb International Centre for Certification and Education of Addiction Professionals (ICCE)এর ব্যবস্থাপনায় কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকায় মাদকাসক্তদের চিকিৎসায় নিয়োজিত চিকিৎসক, মনোচিকিৎসক ও কাউন্সিলরগণকে ৯টি কারিকুলামের উপর Training of Trainers (TOT) প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করে। এ লক্ষ্যে কলম্বো প্ল্যানের আওতায় মাদকাসক্তি চিকিৎসার পাঠ্যক্রম বেসিক লেভেল কারিকুলাম (Universal Treatment Curriculum-UTC) অনুযায়ী অধিদপ্তরের কর্মকর্তা এবং নিবন্ধিত বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে কর্মরত ডাক্তার ও কর্মচারীদেরকে ইকো প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০১৩ সাল হতে জুন/২০২৬ পর্যন্ত বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ৭৩টি ব্যাচে মোট ২,৭৯৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এদের মধ্যে International Certified Addiction Professional-(ICAP-১) সনদ অর্জন করেছেন ৫২ জন। | এডিকশন প্রফেশনাল ও অধিদপ্তরের কর্মকর্তাদের ইকো প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে | জুন/২০২৬ পর্যন্ত ২,৭৯৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রযোজ্য নয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০১৭-১৮ | উদ্ভাবনী ধারণা হিসেবে গৃহীত সহজীকরণ সেবাটি চলমান আছে। |

| ক্র: নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কি-না? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২. | পেথিডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/ ফার্মেসীর নাম,ঠিকানা ও যোগাযোগের নম্বর অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ (১৫ ডিসেম্বর, ২০২০) | পেথিডিন/ মরফিন অতীব প্রয়োজনীয় একটি ঔষধ। জনসাধারণ জরুরি প্রয়োজনে তার নিকটস্থ পেথিডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/ ফার্মেসীর নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর জানতে পারলে সেবাটি সহজেই পেয়ে যাবে। এ লক্ষ্যে ১৫ ডিসেম্বর, ২০২০ সালে উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা হয়। পেথিডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/ ফার্মেসীর নাম,ঠিকানা ও যোগাযোগের নম্বর অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এতে জনসাধারণ জরুরি প্রয়োজনে তার নিকটস্থ পেথিডিন/ মরফিন বিক্রয়ের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান/ ফার্মেসীর নাম,ঠিকানা ও যোগাযোগের নম্বর সহজেই পেয়ে যাবেন বিধায় লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে নির্ভেজাল ঔষধ কিনতে পারছেন। | সেবাটি চলমান আছে | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অংশীজনসহ সর্বস্তরের জনসাধারণ (৩,০৪৬টি প্রতিষ্ঠান) | http://www.dnc.gov.bd/site/files | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০২০-২১ | উদ্ভাবনী ধারণা হিসেবে গৃহীত সহজীকরণ সেবাটি চলমান আছে। |
| ৩. | সালফিউরিক এসিড ও হাইড্রোক্লোরিক এসিড আমদানির লাইসেন্স এর অনাপত্তিপত্র প্রদান (১৪ অক্টোবর ২০২০) | সালফিউরিক এসিড ও হাইড্রোক্লোরিক এসিড আমদানির লাইসেন্স এর অনাপত্তিপত্র প্রদান কার্যক্রমটি সহজীকরণ করা হয়েছে। ইতোপূর্বে সেবাটি প্রধান কার্যালয় হতে প্রদান করা হতো। এখন নিজ নিজ বিভাগ হতে সেবাটি প্রদান করা হচ্ছে। সেবাটি পেতে পূর্বে ৩৫ কার্যদিবস লাগতো, সহজীকরনের পরে বর্তমানে ১৭ কার্যদিবসে সেবাটি প্রদান করা হচ্ছে। ফলে সেবাগ্রহীতাগণ স্বল্প সময়ে এবং কম খরচে সেবা পাচ্ছেন। স্বল্প সময়ে এর মাধ্যমে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে এবং সেবার মান বৃদ্ধি পেয়েছে। | চলমান আছে | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অংশীজনসহ প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারী (২০২০ হতে জুন/২০২৬ পর্যন্ত-২৭টি) | প্রযোজ্য নয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০২০-২১ | সহজীকরণকৃত সেবাটি চলমান আছে |

| ক্র: নং | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? কার্যকর না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সেবা পাচ্ছেন কি-না? | সেবার লিংক | সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী | বাস্তবায়নকাল (অর্থ বছর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৪. | মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান (২০ ফেব্রুয়ারি ২০২২) | মাদকবিরোধী কার্যক্রম পরিচালনায় আগ্রহী বেসরকারি সংস্থাসমূহকে অধিদপ্তর হতে নিবন্ধন প্রদান করা হয়। নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান কার্যক্রমকে পূর্ববর্তী ৭টি ধাপ হতে বর্তমানে ৫টি ধাপে সম্পন্ন করণের ব্যবস্থা চালু করা হয়েছে। এর মাধ্যমে সেবাটি পেতে পূর্বে ৬০ কার্যদিবস এর স্থলে বর্তমানে ৪৬ কার্যদিবস এবং খরচ ৪,০৭০ টাকা এর স্থলে ৩,০৪২ টাকা প্রয়োজন হচ্ছে। ফলে সেবাগ্রহীতাগণ স্বল্প সময়ে এবং কম খরচে সেবা পাচ্ছেন। | চলমান আছে | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অংশীজনসহ সর্বস্তরের জনসাধারণ<br><br>(৮৬টি প্রতিষ্ঠান) | প্রযোজ্য নয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০২১-২২ | সহজীকরণকৃত সেবাটি চলমান আছে |
| ৫. | বিলাতীমদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন (৩০ ডিসেম্বর ২০২১) | অ্যালকোহল পানের জন্য আমদানীর ক্ষেত্রে প্রতিটি ব্যান্ড এর জন্য আলাদাভাবে রেজিস্ট্রেশন করতে হয়। বিলাতী মদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন প্রক্রিয়াটি ডিজিটাইজকরণ করা হয়েছে। এর মাধ্যমে সেবা গ্রহীতাগণ অনলাইনের মাধ্যমে আবেদন দাখিল এবং তাদের আবেদনের সর্বশেষ অবস্থান মনিটরিং করতে পারছেন। | বাস্তবায়িত (কার্যক্রম চলমান আছে) | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট অংশীজন (১৬৩টি প্রতিষ্ঠান) | https://www.mygov.bd/services/info?id=BDGS-1639041398 | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০২১-২২ | ডিজিটাইজকৃত সেবাটি চলমান আছে |
| ৬. | শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ (০৪ ফেব্রুয়ারি, ২০২৪) | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে শুল্ক খালাসের অনাপত্তি প্রদানের জন্য প্রধান কার্যালয়ে আবেদন করতে হয় এবং অনাপত্তিটি সরাসরি বা সরকারি ডাক মারফত সেবাগ্রহীতাকে প্রেরণ করতে হয়। শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণের ফলে (শুল্ক খালাসের অনাপত্তিপত্র) অধিদপ্তরের সংশ্লিস্ট অধিশাখা হতে সেবাটি সেবা প্রত্যাশী প্রতিষ্ঠান ই-মেইলের মাধ্যমে গ্রহণ করতে পারবেন। এর মাধ্যমে সেবাটি পেতে পূর্বে ১০ কার্যদিবস এর স্থলে বর্তমানে ৩ কার্যদিবস এবং খরচ ২,৫৪০ টাকা এর স্থলে ২,৫০০ টাকা প্রয়োজন হচ্ছে। ফলে সেবাগ্রহীতাগণ স্বল্প সময়ে এবং তুলনামূলক কম খরচে সেবা পাচ্ছেন। | (কার্যক্রম চলমান আছে) | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্সপ্রাপ্ত সংশ্লিষ্ট অংশীজন (ফেব্রুয়ারি/২০২৪-জুন/২০২৬ পর্যন্ত ৬৬০টি অনাপত্তি প্রদান করা হয়েছে) | প্রযোজ্য নয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০২৩-২৪ | সহজীকরণকৃত সেবাটি চলমান আছে |

27.07.2026
মোঃ আব্দুল কাদের
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা

27.07.26

দীজেন চন্দ্র গোপ
প্রোগ্রামার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

27.09.25
উপপরিচালক (প্রশাসন)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা

27/09/2025
মোঃ আবুল কালাম আজাদ
(যুগ্ম সচিব)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর